



## -ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

### ১। আবহাওয়াবিজ্ঞান বিভাগ

উচ্চমান সহকারী-কাম-কম্পিউটার অপারেটর (পুনঃবিজ্ঞপ্তি) টাই- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	(ক) প্রার্থীকে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে। প্রার্থীর এস.এস.সি থেকে স্নাতক পর্যন্ত প্রতিটি শ্রেণিতে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি থাকিতে হইবে। খ) কম্পিউটার-এ MS Word, MS Excel, Powerpoint, Computer Networking, Graphics ইত্যাদি অপারেটিং-এ দক্ষ হইতে হইবে।
---	-----------	--

### ২। প্রাচ্যকলা বিভাগ

গ্রন্থাগার সহকারী টাই- ৯৭০০-২৩৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে কমপক্ষে স্নাতক পাসসহ গ্রন্থাগারে ডিপ্লোমা পাস হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
---	-----------	--

### ৩। কবি সুফিয়া কামাল হল

লিফটম্যান টাই- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে স্নাতক/সমমানের পরীক্ষা পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেডকোর্স পাস হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
---	-----------	--

আবেদনকারীদেরকে অবশ্যই আবেদনপত্রে তাহাদের শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ০৫-০৪-২০১৭ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র আবহাওয়াবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র চারুকলা অনুষদের প্রাচ্যকলা বিভাগের চেয়ারম্যান-এর অফিসে এবং ক্রমিক-৩ এর আবেদনপত্র কবি সুফিয়া কামাল হলের প্রভোস্ট-এর অফিসে পৌছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।